



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

## ভূলে যাওয়া

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।  
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।  
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।  
মাদাদ ইয়া রাসুল আল্লাহু মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু মাদাদ ইয়া মাশাইখিনা,  
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।  
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

পৃথিবী আরাম করার জায়গা নয়, বিশ্রাম করারও জায়গা নয়। পৃথিবী হচ্ছে পরীক্ষার জায়গা। এটি আল্লাহর একটি প্রজ্ঞা যে এখানে মানুষেরা এমন ভাব করে যেন এই দুনিয়াতে তারা চিরতরে থেকে যাবে এবং তারা ভূলে যায়। "ইনসান" শব্দটি আসে "নিসইয়ান" শব্দটি থেকে। নিসইয়ান মানে ভূলে যাওয়া। অতএব ইনসান শব্দটির মৌলিক অর্থ হচ্ছে ভূলে যাওয়ার প্রবণতা। যদি মানুষেরা ভূলে না যেত তাহলে তারা একে অপরের সাথে মিলেমিশে চলতে পারত না। তারা ফেটে শেষ হয়ে যেত।

এই জন্যই আল্লাহ (আযযা ওয়া জাল্লা) ভূলে যাওয়ার প্রবণতাকে একটি উপকার হিসেবে মানুষকে দান করেছেন যেন অতীতের যন্ত্রণা এবং কষ্ট তারা ভূলে যায়। কিন্তু তার সাথে সাথে মানুষ এটাও ভূলে যায় যে তারা মৃত্যুবরণ করবে। পরে যখন পৃথিবী আজকের মত একটি চরম বিশৃঙ্খল অবস্থায় পতিত হয় তখন মানুষেরা আল্লাহর অস্তিত্বের কথা স্মরণ করে, তারা আখিরাত স্মরণ করে এবং তারা 'আল্লাহ' বলে।

যখন মানুষেরা আরামে থাকে, তারা আখিরাতের চিন্তা এবং মৃত্যুর চিন্তা বেশির ভাগ সময় মাথায়ও আনে না। বেশির ভাগ লোকই স্মরণে আনে না। তারা 'আল্লাহ' বলে চিৎকার করে তখন যখন কোন দুর্যোগ আসে যেমন যুদ্ধ, আক্রমণ, ফিতনা অথবা ভূমিকম্প। তার মানে মানুষের নাফসকে কিছু দিয়ে একটু খোঁচা দেয়া লাগে তাকে 'আল্লাহ' বলানোর জন্য। আমাদেরকে সেই খোঁচা ছাড়াই 'আল্লাহ' বলা প্রয়োজন যেন নিয়ামাত আমাদের উপর নিরবিচ্ছিন্নভাবে আসতে থাকে এবং আমাদের নিরাপদে রাখা হয় ইনশাআল্লাহ। আল্লাহ (আযযা ওয়া জাল্লা) মাঝে মাঝে লোকদের খোঁচা দেন যেন তারা ভূলে না যায়।

আল্লাহ (জাঃজাঃ) যেন এই দেশকে, ওসমানীয়াদেরকে, নিরাপদে রাখেন। এই ভূখন্ড ওসমানীয়া খিলাফাতের ভূখন্ড। সেই জন্যই সমস্ত শয়তান এবং ধর্মহীনেরা এটাকে আক্রমণ করছে। তারা সব মুসলিমদেরকেই আক্রমণ করছে কিন্তু এখানে আক্রমণ সবচেয়ে বেশি। তারা এই দেশকেও শেষ করে ফেলার চেষ্টা করছে। কিন্তু তারা শেষ করতে পারবে না ইনশাআল্লাহ। তারাই শেষ হয়ে যাবে।



## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল  
১৯ ফেব্রুয়ারি ২০১৬/১০ জুমাদ আল-আউয়াল ১৪৩৭  
ফাজর নামায, আকবাবা দারগাহ।